



উচ্চশিক্ষা

পিরোজপুরের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে এ বছরে ভর্তি শুরু

এ কে এম ফয়সাল পিরোজপুর

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুরের অস্থায়ী কার্যালয়। শিকারপুর, পিরোজপুর সদর

By using this site, you agree to our Privacy Policy. OK

পিরোজপুরের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে এ বছর প্রথমবারের মতো বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ের চারটি বিভাগে শিক্ষার্থী ভর্তি শুরু হচ্ছে। ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে স্নাতক প্রথম বর্ষে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুরসহ ২৪টি সাধারণ এবং বিজ্ঞান ও প্রযুক্তি (জিএসটি) বিশ্ববিদ্যালয়ের গুচ্ছভুক্ত ভর্তি পরীক্ষার তারিখ চূড়ান্ত করা হয়েছে। ২৭ এপ্রিল বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের ওই ভর্তি পরীক্ষা (এ ইউনিট) অনুষ্ঠিত হবে। ২৯ জানুয়ারি থেকে ১৫ ফেব্রুয়ারি পর্যন্ত ভর্তি-ইচ্ছুক শিক্ষার্থীরা আবেদন করতে পারবেন।

গত রোববার বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনে (ইউজিসি) অনুষ্ঠিত সাধারণ এবং বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়গুলোর ভর্তি কমিটির প্রথম সভায় ভর্তির তারিখ চূড়ান্ত করা হয়। চলতি ২০২৩-২৪ শিক্ষাবর্ষে তিনটি গুচ্ছ ভাগ হয়ে মোট ৩৫টি পাবলিক বিশ্ববিদ্যালয় অংশ নেবে। এর মধ্যে সাধারণ, বিজ্ঞান ও প্রযুক্তি গুচ্ছ আছে ২৪টি বিশ্ববিদ্যালয়। এবার দুটি বিশ্ববিদ্যালয় এই গুচ্ছ নতুন করে যুক্ত হয়েছে। নতুন এই দুটি বিশ্ববিদ্যালয় হলো সুনামগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং পিরোজপুরের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন থেকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুরকে বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ের চারটি বিভাগ চালুর জন্য অনুমোদন দেওয়া হয়েছে। চলতি বছর বিজ্ঞান অনুষদে গণিত বিভাগ, মনোবিজ্ঞান বিভাগ ও পরিসংখ্যান বিভাগ এবং প্রকৌশল ও প্রযুক্তি অনুষদে কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগে গুচ্ছ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রতি বিভাগে ৪০ জন করে শিক্ষার্থী ভর্তি করা হবে। পিরোজপুর ও ঢাকায় পৃথক দুটি অফিস কাম গেস্টহাউজ ভাড়া নিয়ে বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম চলছে। পিরোজপুরে ভাড়া বাড়িতে আপাতত চারটি বিভাগের শিক্ষার্থীদের পাঠদান করা হবে। ইতিমধ্যে বিশ্ববিদ্যালয়ে স্থায়ী ক্যাম্পাসের জন্য ৭৫ একর ভূমি অধিগ্রহণের প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে। পিরোজপুর-গোপালগঞ্জ-ঢাকা আঞ্চলিক মহাসড়কের পাশে সদর উপজেলার কদমতলায় স্থায়ী ক্যাম্পাস নির্মাণ করা হবে। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক এবং অন্যান্য কর্মকর্তা ও কর্মচারী নিয়োগের জন্য বিজ্ঞপ্তি দেওয়া হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের উপচার্য কাজী সাইফুদ্দীন বলেন, গুচ্ছপদ্ধতিতে আমাদের বিশ্ববিদ্যালয়ের চারটি বিভাগের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। চারটি বিভাগে ১৬০ শিক্ষার্থী ভর্তি নেওয়া হবে। বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ের চারটি বিভাগে ভর্তি-ইচ্ছুক শিক্ষার্থীদের আগামী ২৭ এপ্রিল বেলা ১১ থেকে দুপুর ১২টা পর্যন্ত এক ঘণ্টায় অনুষ্ঠিত হবে পরীক্ষা।

২০১৯ সালের জুলাই মাসে পিরোজপুর-১ (সদর) আসনের সংসদ সদস্য শ ম রেজাউল করিম পিরোজপুরে একটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপনের জন্য প্রধানমন্ত্রীর কাছে আবেদন করেন। ওই বছরের ১০ অক্টোবর প্রধানমন্ত্রী পিরোজপুরে বিশ্ববিদ্যালয় স্থাপনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে শিক্ষা মন্ত্রণালয়কে নির্দেশ দেন। এরপর শিক্ষা মন্ত্রণালয় বিলের খসড়া বিশ্ববিদ্যালয়ের মঞ্জুরি কমিশন, মন্ত্রিপরিষদ বিভাগ ও বিভিন্ন মন্ত্রণালয় হয়ে সংসদে উত্থাপনের জন্য রাষ্ট্রপতির অনুমোদন পায়। ২০২২ সালের ২৯ মার্চ বিলটি আইন আকারে পাসের জন্য সংসদে প্রস্তাব করেন



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো
করুন



সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো

By using this site, you agree to our Privacy Policy.